

নং- ১৮.১৫.০০০০.০২০.১৮.০০৯.১৬-৪২৭
তারিখ : ১২ জুন, ২০১৯ খ্রিঃ



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
Bangladesh Land Port Authority
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা) কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফ্যাক্স : ৯ ১ ২ ২ ৬ ২ ৭
www.bsbk.gov.bd

আদেশ

যেহেতু, জনাব সুমন দত্ত বাস্ববকের প্রধান কার্যালয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা পদে কর্মরত আছেন;

যেহেতু, জনাব সুমন দত্ত, হিসাবরক্ষণ কর্মকর্তা গত ২২-০১-২০১৮ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। অর্থাৎ ৬০ (ষাট) দিনেরও অধিককাল তিনি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তিনি ডাক্তারী পরামর্শ/ব্যবস্থাপত্র ছাড়াই অসুস্থতার অজুহাত দেখিয়ে অজ্ঞাত অবস্থায় থেকে পলাতক অবস্থায় গত ০৩-০১-২০১৮ তারিখে ৩০ দিনের, গত ১৩-০২-২০১৮ তারিখ ৯০ দিনের, গত ০১-০৫-২০১৮ তারিখ ৯২ দিনের এবং গত ৩১-০৭-২০১৮ তারিখ ৯০ দিনের জন্য অর্জিত ছুটির আবেদন করলেও তা কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুর করা হয়নি;

যেহেতু, তার উক্তরূপ কার্যকলাপের কারণে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধি ৪০(গ) অনুযায়ী পলায়নের অভিযোগে তার বিরুদ্ধে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ১৭-১০-২০১৮ খ্রিঃ তারিখের ১৮.১৫.০০০০.০২০.১৮.০০৯.১৬-৭৯৪ নং স্মারকে বিভাগীয় মামলা সূচিত হয়। উক্ত বিভাগীয় মামলায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকের মাধ্যমে প্রেরণ করা হলেও তাকে উক্ত ঠিকানায় পাওয়া না যাওয়ায় তা ফেরৎ আসে;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তক্রমে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য কর্তৃপক্ষের ০৯-১২-২০১৮ খ্রিঃ তারিখের ১৮.১৫.০০০০.০২০.১৮.০০৯.১৬-৯৩১ নং স্মারকে পরিচালক (অডিট) জনাব হাওলাদার জাকির হোসেন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা সুস্পষ্ট অভিমত দিয়েছেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাপূর্বক পলায়নের দায়ে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪১ (১) (খ) (ঈ) মোতাবেক জনাব সুমন দত্ত, হিসাবরক্ষণ কর্মকর্তা-কে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্তকরণের (Dismissal from Service) প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে উক্ত দণ্ড কেন আরোপ করা হবে না-এ বিষয়ে কর্তৃপক্ষের ২০-০৫-২০১৯ তারিখের ১৮.১৫.০০০০.০২০.১৮.০০৯.১৬-৪৩৪ নং স্মারকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত করে ২য় কারণ দর্শানোর নির্দেশ দেয়া হয় এবং ২৭-০৫-২০১৯ তারিখ তিনি জবাব দাখিল করেন;

যেহেতু ২৭-০৫-২০১৯ তারিখের ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, বিভাগীয় মামলার সাথে সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র/দলিলাদি এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক তার বিরুদ্ধে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০(গ) অনুযায়ী পলায়নের আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় একই প্রবিধানমালার প্রবিধি ৪১ (১) (খ) (ঈ) মোতাবেক তাকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু এক্ষণে, অভিযুক্ত কর্মকর্তা জনাব সুমন দত্ত, হিসাবরক্ষণ কর্মকর্তা-কে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪১ (১) (খ) (ঈ) অনুযায়ী স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তপন কুমার চক্রবর্তী
চেয়ারম্যান
বাস্ববক, ঢাকা।


নং- ১৮.১৫.০০০০.০২০.১৮.০০৯.১৬-৪৯৭

তারিখ : ১২-০৬-২০১৯ খ্রিঃ

বিতরণ : সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২-৫। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম/বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা/বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা/ মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট
- ৬। মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা
- ৭-৯। সদস্য (অর্থ ও প্রশাসন/উন্নয়ন/ট্রাফিক), বাস্তবক, ঢাকা
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ১১-১৩। পরিচালক (হিসাব/ট্রাফিক/অডিট) বাস্তবক, ঢাকা/বেনাপোল স্থল বন্দর, বেনাপোল, যশোর।
- ১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাস্তবক, ঢাকা
- ১৫-১৭। উপ-পরিচালক (ট্রাফিক), আখাউড়া স্থলবন্দর, ব্রাহ্মণবাড়িয়া/ বুড়িমারী স্থলবন্দর, লালমনিরহাট/ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা
- ১৮-২৪। সহকারী পরিচালক (ট্রাফিক), সোনাহাট স্থলবন্দর, কুড়িগ্রাম/ তামাবিল স্থলবন্দর, সিলেট/ নাকুগাঁও স্থলবন্দর, শেরপুর/ টেকনাফ স্থলবন্দর, কক্সবাজার/ হিলি স্থলবন্দর, দিনাজপুর/ সোনামসজিদ স্থলবন্দর, নবাবগঞ্জ/ বিবির বাজার স্থলবন্দর, কুমিল্লা।
- ২৫। জনাব সুমন দত্ত, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাস্তবক, ঢাকা।

স্থায়ী- পিতা: অধীরচন্দ্র দত্ত, মাতা: জোৎস্না দত্ত, গ্রাম: কালইশ্রী পাড়া, থানা ও জেলা: ব্রাহ্মণবাড়িয়া।


হাওলাদার জাকির হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন : ৫৫০১৩৮৩১